

# ঝড়

মৈত্রেয়ী দেবী

ওমা, সেদিন হাটের বারে, মাঠের ধারে–
    করতে গেছি খেলা
        –দুপুর বেলা
এমন সময়, এলোমেলো
কোথা থেকে বাতাস এলো।
    হঠাৎ থেকে থেকে
অন্ধকারে সমস্ত দিক কেমনে দিল ঢেকে!
    বল্লে ওরা, ছুটে পালাই ঘর
        ওই এসেছে ঝড়।
আমার যেন লাগল ভারী ভালো,
চেয়ে দেখি–আকাশখানা একেবারে কালো
    কালো হ'ল বকুলতলা,

কালো চাঁপার বন,
কালো জলে দিয়ে পাড়ি
আস্‌ল মাঝি তাড়াতাড়ি,
কেমন জানি করল আমার মন!
–ঝড় কারে মা কয়?

আমার মনে হয়, –
কাদের যেন ছেলে,
কালির দোয়াত কেমন করে হঠাৎ দিল ফেলে
যেমন করে' কালি–
আমি তোমার মেজের উপর ঢালি!
হাসল কোমল ঠোঁটটি মেলে
ভীষণ কেমন আগুন জ্বেলে
আকাশ বারে বারে,
আবার বুঝি ঘুরে ঘুরে
পালিয়ে গেল অনেক দূরে–
সাত সাগরের পারে।

**জেনে রাখো**

সাত সাগর –
1. প্রশান্ত মহাসাগর
2. ভারত মহাসাগর
3. আটলান্টিক মহাসাগর (অতলান্তিক মহাসাগর)
4. আর্কটিক মহাসাগর
5. বঙ্গোপসাগর
6. আরবসাগর
7. ভূমধ্যসাগর

**কাব্য পরিচয়**

দুপুরবেলা মাঠের ধারে খেলতে গিয়ে হঠাৎ করে ঝড়ের আগমন। প্রচন্ড বাতাস বয়ে আনে কালো মেঘ, ছড়িয়ে পড়ে সারা আকাশ। বন্ধুরা সব ভয়ে ছুটে পালালো বাড়ির দিকে। ছোট ছেলেটির চোখে এই ঝড় কোনো ভয় নয়, প্রকৃতির এক সুন্দর রূপ নিয়ে এলো। দিনের বেলায় কালো আকাশ, কালো ফুলের বন, কালো নদীর জলে নৌকো নিয়ে মাঝির তাড়াতাড়ি বাড়ি ফিরে আসা। এ যেন মন কেমন করা পরিবেশ। মনে হয় আকাশে বুঝি কেউ দোয়াত উপুড়
করে সব কালিটুকু ছড়িয়ে দিয়েছে। ঠিক যেমন করে সে মায়ের ঘরে মেঝের উপর কালি ফেলে দেয়। বিদ্যুতের চমক যেন আকাশে আগুনের শিখা। মেঘগুলি যেন আগুনের শিখা জ্বেলে হঠাৎ করেই বহুদূরে সাতসাগরের পারে পালিয়ে গেল।

## পাঠবোধ

**সংক্ষেপে উত্তর দাও**

1. 'ঝড়' কবিতাটির কবির নাম কী?
2. 'ঝড়' কবিতায় ছোট ছেলেটি কোথায় খেলা করতে গিয়েছিল?
3. দুপুর বেলা হঠাৎ অন্ধকার কেন হোল?
4. ঝড়ের সময় আকাশের রং কেমন হয়ে গিয়েছিল?

**বিস্তারিতভাবে লেখো**

5. হঠাৎ করে ঝড় এসে প্রকৃতির রূপকে কিভাবে বদলে দিল?
6. ঝড় দেখে ছোট ছেলেটির কী মনে হয়েছিল বিস্তারিতভাবে লেখো।
7. অর্থ বোঝা যায় এমনভাবে বাঁদিকের শব্দগুলির সঙ্গে ডানদিকের শব্দগুলি মেলাও।

| | |
|---|---|
| এলো | কানি |
| দলা | ঝুলি |
| ঝুলো | মেলো |
| কানা | দলি |
| ভ্যাবা | বলি |
| বলা | চ্যাকা |

**ব্যাকরণ ও নির্মিতি**

1. বানানগুলি ঠিক করে লেখো

| | |
|---|---|
| ঝর | তারাতারি |
| হটাৎ | ভিষন |
| দুরে | |

2. নিচের শব্দগুলি দিয়ে বাক্য তৈরি করো

| | |
|---|---|
| অন্ধকার | মাঝি |
| হাট | আগুন |
| বাতাস | সাগর |

3. বিপরীত শব্দ লেখো

| | |
|---|---|
| ভালো | ভারী–ভারী |
| সময় | কালো |
| ছেলে | কোমল |

**করতে পারো**

তোমরা নিশ্চয়ই ঝড়ের মুখোমুখি হয়েছ। যারা শহরে থাকো তাদের কাছে ঝড়ের রূপ একরকম আর যারা গ্রামে থাকো তাদের কাছে ঝড়ের রূপ অন্যরকম। তোমাদের দেখা ঝড়ের বর্ণনা সুন্দরভাবে গুছিয়ে লেখো।